

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১২৫.২০১৯/২৭৪২/৪

তারিখ: ০৭/০৮/১৪২৬বঙ্গাব্দ
২৪/০৭/২০১৯খ্রিস্টাব্দ

বিষয় : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ২২/০৮/২০১৯খ্রি. তারিখের আদেশের বিষয়ে মতামত।


সূত্র : অধ্যক্ষ এর পত্র নং- ২০১৯/১৮৯৬; তারিখ: ১৯/০৫/২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন জামিরতা ডিগ্রি কলেজের এমএলএসএস (মালি) সেলিম রেজার অভিযোগের বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুরকে জেলা শিক্ষা অফিস, সিরাজগঞ্জ কর্তৃক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে এমএলএসএস (মালি) পদে পূর্বে নিয়োগপ্রাপ্ত সেলিম রেজা অথবা পরে নিয়োগপ্রাপ্ত মোঃ শরিফুল ইসলাম এই দুইজনের মধ্যে কাকে এমএলএসএস (মালি) পদে এমপিওভুক্ত করা যায় সে বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ অনুরোধ করেন।

সৃষ্ট পদে নিয়োগকৃত সেলিম রেজা, এমএলএসএস (মালি) কে জনবল কাঠামো ৯ (ii) ধারা মোতাবেক পদ সমন্বয় না করে জনাব আব্দুল লতিফ, এমএলএসএস (মালি) এর মৃত্যুজনিত কারণে প্যাটার্নভুক্ত শূন্য পদে মোঃ শরিফুল ইসলাম, এমএলএসএস (মালি) কে নিয়োগ প্রদান করার কারণ ব্যাখ্যা করার জন্য জামিরতা ডিগ্রি কলেজের অধ্যক্ষকে পত্র দেয়া হয়। অধ্যক্ষ জবাব প্রেরণ করেন।

অধ্যক্ষের জবাব: জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক সেলিম রেজা এমএলএসএস (মালি) সৃষ্ট পদে ২৮/০৯/২০১৭খ্রি. তারিখে যথাযথ নিয়োগ প্রক্রিয়া অনুসরণ করার মাধ্যমে যোগদান করেন। অপর দিকে জনাব আব্দুল লতিফ, এমএলএসএস (মালি) এর গত ০১/০২/২০১৮খ্রি. তারিখে মৃত্যুবরণ করায় এমএলএসএস (মালি) এর প্যাটার্নভুক্ত একটি পদ ২১/০৮/২০১৮খ্রি. তারিখে শূন্য ঘোষিত হয়। সৃষ্টপদে নিয়োগপ্রাপ্ত এমএলএসএস (মালি) সেলিম রেজা উক্ত শূন্য পদে এমএলএসএস (মালি) পদে সমন্বয় হওয়ার জন্য সভাপতি পরিচালনা পরিষদ ও সদস্য সচিব অধ্যক্ষ বরাবর কোন প্রকার লিখিত আবেদন করেননি। তাকে আবেদন করতে বলা হলে সে মৌখিকভাবে বলেন তিনি সমন্বয় করে শূন্য পদে এমএলএসএস (মালি) চাকুরি নিবেন না এবং বেতনভুক্ত হবেন না। এমএলএসএস (মালি) পদে (প্যাটার্নভুক্ত শূন্য পদে) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুর গত ২২/০৮/২০১৯খ্রি. তারিখে লিখিতভাবে নিয়োগ বিজ্ঞপ্তি প্রদানের আদেশ দেন। যথাযথ কর্তৃপক্ষ গভর্নিং বডির সিদ্ধান্ত ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের লিখিত আদেশের প্রেক্ষিতে বিধি মোতাবেক ২৪/০৮/২০১৮খ্রি. তারিখে দৈনিক সমকাল পত্রিকা ও স্থানীয় দৈনিক সৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

এমতাবস্থায়, সিরাজগঞ্জ জেলার শাহজাদপুর উপজেলাধীন জামিরতা ডিগ্রি কলেজের অধ্যক্ষের বর্ণনা মোতাবেক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের ২২/০৮/২০১৯খ্রি. তারিখের আদেশের বিষয়ে মতামত প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

 ২৬.০৭.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd



উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
শাহজাদপুর, সিরাজগঞ্জ

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, জামিরতা ডিগ্রি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ২। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ৩। অধ্যক্ষ, জামিরতা ডিগ্রি কলেজ, শাহজাদপুর, সিরাজগঞ্জ
- ৪। সংরক্ষণ নথি।